

যুগান্তর

দু'মাস বন্ধ থাকার পর ব্রিটিশ কাউন্সিল খুলছে আজ

যুগান্তর রিপোর্ট

দীর্ঘ দুই মাস বন্ধ থাকার পর বাংলাদেশে ব্রিটিশ কাউন্সিলের কার্যক্রম আজ আবার শুরু হচ্ছে। নিরাপত্তার কারণে ২৭ জুলাই সংস্থাটির বাংলাদেশে অবস্থিত সব অফিস সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা হয়েছিল।

ব্রিটিশ কাউন্সিলের হেড অব মার্কেটিং অ্যান্ড কমিউনিকেশন আর্শিয়া আজিজ রোববার বিকালে যুগান্তরকে বলেন, সংশ্লিষ্টরা বিভিন্ন পর্যায়ে নিরাপত্তাগত দিক পর্যালোচনার পাশাপাশি নিরাপত্তা নিশ্চিতের ব্যবস্থা গ্রহণ করেন। এ বিষয়ে সন্তোষজনক পদক্ষেপ নেয়ার পরই অফিসগুলো খুলে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, রোববার দুপুর ১২টার দিকে ব্রিটিশ

■ পৃষ্ঠা ১৯ : কলাম ১

দু'মাস বন্ধ থাকার পর ব্রিটিশ কাউন্সিল খুলছে আজ

(শেষ পৃষ্ঠার পর)

কাউন্সিলের দক্ষিণ এশীয় আঞ্চলিক দফতর থেকে বাংলাদেশে বন্ধ রাখা অফিসগুলো খুলে দেয়ার সিদ্ধান্ত আমাদের জানানো হয়। তারপরই এই সিদ্ধান্ত প্রকাশ করা হয়।

ব্রিটিশ কাউন্সিল কর্তৃপক্ষ জানায়, আজ সব অফিস খোলা থাকবে। এর মাধ্যমে ব্রিটিশ কাউন্সিলের যত কার্যক্রম ও পরিসেবা আছে সেসবও পুনরায় শুরু হচ্ছে। সংস্থাটির পক্ষে এক বিজ্ঞপ্তিতে বলা হয়, চট্টগ্রাম, সিলেট ও ঢাকার কার্যালয়ে সবাইকে আমন্ত্রণ জানানোর জন্য প্রস্তুত ব্রিটিশ কাউন্সিল। পিয়রসন এডভঞ্চার এজামিনেশনস জানুয়ারি-২০১৭ এর সেশনের জন্য নিবন্ধন শুরু হয়েছে ২২ সেপ্টেম্বর। শেষ হবে ১৩ অক্টোবর। স্কুল থেকে যেসব শিক্ষার্থী পরীক্ষা দিচ্ছে তারা নিজ নিজ স্কুলের সঙ্গে যোগাযোগ করে ইউনিক স্কুল ক্যান্ডিডেট রেজিস্ট্রেশন লিংক গিয়ে নিবন্ধন করতে পারবে। প্রাইভেট ক্যান্ডিডেটরা ওয়েবসাইট (www.britishcouncil.org.bd) গিয়ে পরীক্ষার জন্য আবেদন করতে পারবে। ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট ও দিনাজপুরের সব পরীক্ষার্থীর জন্যই এ সেবা দিয়ে যাবে ব্রিটিশ কাউন্সিল। এছাড়া অক্টোবর ও নভেম্বর, ২০১৬-এর আইইএলটিএসের তারিখগুলো এখন উন্মুক্ত। আইইএলটিএসের প্রার্থীরা অনলাইনে ielts.britishcouncil.org লিংকের মাধ্যমে নিবন্ধন করতে পারবেন।

ব্রিটিশ কাউন্সিলের ইংরেজি ভাষা শিক্ষার চতুর্থ টার্ম শুরু হবে ১২ অক্টোবর। শিক্ষার্থীরা অনলাইনে লেভেল টেস্টের জন্য নিবন্ধন করতে পারবেন। এজন্য তারা রাজধানীর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও উত্তরা এবং চট্টগ্রামের আগ্রাবাদ টিচিং সেন্টারগুলোতে ইংরেজি শিক্ষার কোর্সের জন্য নিবন্ধন করতে পারবেন। এছাড়াও ব্রিটিশ কাউন্সিলের সব ব্যবসা প্রশিক্ষণ কার্যক্রম ও কর্মশালা অব্যাহত থাকবে। সংবাদ বিজ্ঞপ্তিতে কার্যক্রম অস্থায়ীভাবে বন্ধ থাকার সময়ে সহায়তায় জন্য বাংলাদেশ সরকার, সব শিক্ষার্থী, অভিভাবক ও সহযোগীদের ধন্যবাদ জানিয়েছে প্রতিষ্ঠানটি।